# রাজশাহী সিটি কর্পোরেশন
# রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৩য় সভার কার্যবিবরনীঃ

সভার তারিখ ঃ ০১ ডিসেম্বর ২০২৪
সময় ঃ বেলা ৩:০০ ঘটিকা
স্থান ঃ সিটি হল সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ "ক"

সভার শুরুতে সভাপতি স্থানীয় সরকার কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে ৩য় সভায় উপস্থিত থাকার জন্য শুভেচ্ছা জানান। অতঃপর সভাপতি এজেন্ডাভিত্তিক আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচি- ১ ঃ গত ১০ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।**

সিদ্ধান্ত ঃ গত ১০ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠান্তে দৃঢ়ীকরণ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট), রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি- ২ ঃ অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি ঃ গত ২৮-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

**আলোচনাঃ** আলোচনায় প্রকাশ পায় যে, বেসরকারি হোল্ডিং এর ভাড়া নির্ধারণের ক্ষেত্রে পাঁকা আবাসিক ১.২০ (এক টাকা বিশ পয়সা) টাকা এর স্থলে ১.০০ (এক) টাকা নির্ধারনের বিষয়টি সংশোধন করার একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত সংশোধনীসহ গত ২৮-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার গৃহীত ১৮ (আঠারো) টি সুপারিশসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি- ৩ ঃ বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ঃ গত (ক) ২৩-০৫-২০২৪ তারিখে মূলতবি সভা ও ২৬-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভা, ও (খ) ১৯-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

আলোচনা ঃ আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশন পরিস্কার মহানগরী হিসেবে সুপরিচিত। বর্তমানে নগরীর বিভিন্ন এলাকার কিছু কিছু ড্রেনসমূহ অপরিষ্কার রয়েছে। উক্ত ড্রেনসমূহ পরিষ্কার রাখার পাশাপাশি মহানগরীর নাগরিকবৃন্দকে ড্রেন পরিষ্কার রাখার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা প্রস্তাব করা হয়। বাস্তবায়নে ঃ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত সংশোধনীসহ গত (ক) ২৩-০৫-২০২৪ তারিখে মূলতবি সভা ও ২৬-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভা ও (খ) ১৯-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভার গৃহীত ০৪ (চার) টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা , রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি- ৪ ঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির ঃ গত ০৬-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

সিদ্ধান্ত ঃ গত ০৬-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভার গৃহীত ১২ (বারো) টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি- ৫ ঃ পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির ঃ গত ০৫-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

**আলোচনাঃ** আলোচনায় প্রকাশ পায় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের বকেয়া বিদ্যুৎ বিল এর সঙ্গে নেসকো লিঃ, রাজশাহী দাবীকৃত বকেয়া বিলের মধ্যে বড় একটি পার্থক্য পরিলক্ষিত হচ্ছে। রাজশাহী সিটি কর্পোরেশনের প্রকৃত বকেয়া বিদ্যুৎ বিলের পরিমান কত তা নিরসনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটি রাজশাহী সিটি কর্পোরেশনের প্রকৃত বিদ্যুৎ বিল নির্ধারণ করে নেসকো লিঃ, রাজশাহীর সাথে আলোচনা সাপেক্ষে বিষয়টি সমাধানের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

কমিটির রুপরেখা ঃ

| | |
|---|---|
| ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন | -- আহবায়ক। |
| ২। বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য। |
| ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য। |
| ৪। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য-সচিব। |

সিদ্ধান্ত ঃ উপরোক্ত সংশোধনীসহ গত ০৫-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির সভার গৃহীত ০৪ (চার) টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি- ৬ ঃ বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটির ঃ গত ২৭-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

সিদ্ধান্ত ঃ গত ২৭-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটির সভার গৃহীত ০৬ (ছয়) টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন।

৭। রাজস্ব বিভাগের অধিন (ক) শাপলা সুপার মার্কেট, (খ) সাহেব বাজারস্থ বৈশাখী বাজারের ২য় ফ্লোরে ০১ (এক)টি ৫ম ও ৬ষ্ঠ ফ্লোরে (ওপেন স্পেসে) বরাদ্দ, (গ) সিটি সেন্টার মার্কেটের সমস্যা নিরসন, (ঘ) বহরমপুর রেল গেটে অবস্থিত সিমলা সুপার মার্কেটের ২য় ও ৩য় তলা (ওপেনস্পেস) বরাদ্দ ও বিভিন্ন সমস্যা, (ঙ) হড়গ্রাম সুপার মার্কেটের ৩য় তলার ২০১৫ সালে বরাদ্দকৃত ০৮ (আট) টি দোকানের ভাড়া সংক্রান্ত বিষয়, (চ) বিনোদপুর বাজারের ২য় ও ৩য় তলার বরাদ্দের বিষয়ে, স্বপ্নচুড়া প্লাজার সমস্যা বিষয়ে আলোচনা, (ছ) ছোটবনগ্রাম বিজিবি মার্কেটের বরাদ্দ ও সমস্যা বিষয়ে আলেচনা ও তেরখাদিয়া কাঁচাবাজারের বরাদ্দ ও সমস্যা সংক্রান্ত আলোচনা ও সুপারিশ গ্রহণ।

**আলোচনাঃ** আলোচনায় প্রকাশ পায় যে, (১) (ক) শাপলা সুপার মার্কেট, (খ) সাহেব বাজারস্থ বৈশাখী বাজারের ২য় ফ্লোরে ০১ (এক)টি ৫ম ও ৬ষ্ঠ ফ্লোরে (ওপেন স্পেসে) বরাদ্দ ও (গ) সিটি সেন্টার মার্কেটের সমস্যা নিরসন বিষয়ে আলোচনান্তে মার্কেট সমূহে প্রকৃত সমস্যা নিরুপন এবং সমস্যা সমাধানের সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন-১) কে আহবায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটির রুপরেখা ঃ

| | |
|---|---|
| ১। নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন-১), রাজশাহী সিটি কর্পোরেশন | -- আহবায়ক। |
| ২। প্রধান কর নির্ধারক (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য। |
| ৩। সম্পত্তি কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য-সচিব। |

(২) এছাড়া যথাক্রমে (ঘ) বহরমপুর রেল গেটে অবস্থিত সিমলা সুপার মার্কেটের ২য় ও ৩য় তলা (ওপেনস্পেস) বরাদ্দ ও বিভিন্ন সমস্যা, (ঙ) হড়গ্রাম সুপার মার্কেটের ৩য় তলার ২০১৫ সালে বরাদ্দকৃত ০৮ (আট) টি দোকানের ভাড়া সংক্রান্ত বিষয়, (চ) বিনোদপুর বাজারের ২য় ও ৩য় তলার বরাদ্দের বিষয়ে, স্বপ্নচুড়া প্লাজার সমস্যা বিষয়ে আলোচনা, (ছ) ছোটবনগ্রাম বিজিবি মার্কেটের বরাদ্দ ও সমস্যা বিষয়ে আলোচনান্তে মার্কেট সমূহে প্রকৃত সমস্যা নিরুপন এবং সমস্যা সমাধানের সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা)কে আহবায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

কমিটির রুপরেখা ঃ

| | |
|---|---|
| ১। নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), রাজশাহী সিটি কর্পোরেশন | -- আহবায়ক। |
| ২। রাজস্ব কর্মকর্তা(ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য। |
| ৩। সম্পত্তি কর্মকর্তা রাজশাহী সিটি কর্পোরেশন | -- সদস্য-সচিব। |

সিদ্ধান্ত ঃ উপরোক্ত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৮। বে-সরকারী হোল্ডিং সমূহের ভাড়ার রেইট নির্ধারণের লক্ষ্যে ২১ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

**আলোচনাঃ** আলোচনায় প্রকাশ পায় যে, বেসরকারি হোল্ডিং এর ভাড়া নির্ধারণের ক্ষেত্রে পাঁকা আবাসিক ১.২০ (এক টাকা বিশ পয়সা) টাকা এর স্থলে ১.০০ (এক) টাকা নির্ধারনের বিষয়টি সংশোধন করার একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত সংশোধনীসহ বে-সরকারী হোল্ডিং সমূহের ভাড়ার রেইট নির্ধারণের লক্ষ্যে **২১** অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠান্তে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

(০৯) বিবিধ।

বিবিধ আলোচ্যসূচি- (ক) ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির ২০-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা ঃ আলোচনায় প্রকাশ পায় যে, মহানগরীর রোড সমুহে গাছে পানি ছিটানোর জন্য ০১টি গাড়ী ব্যবহৃত হয়। বর্তমান অবস্থার প্রেক্ষাপটে উক্ত গাড়ী দ্বারা সার্বিক কার্যক্রম সম্পাদন করার বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়াও সিটি কর্পোরেশনে কর্মরত সকল কর্মকর্তাগণকে তার এলাকার গাছ খুটি কিংবা অন্যান্য সরঞ্জমাদি নিয়মিত পর্যবেক্ষণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত সংশোধনীসহ গত ২০-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সভার গৃহীত ০৩ (তিন) টি সুপারিশ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি- (খ) ঃ আলোচনায় প্রকাশ পায় যে, অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখা ও নগর ভবনস্থ মিডল্যান্ড ব্যাংক শাখা বৈদ্যুতিক সংযোগে রাজশাহী সিটি কর্পোরেশনের মিটার ব্যবহার করে। ব্যাংক দুটি আলাদা প্রতিষ্ঠান হওয়ায় পৃথক বৈদ্যুতিক মিটার ব্যবহার করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখা ও নগর ভবনস্থ মিডল্যান্ড ব্যাংক শাখাকে পৃথক বৈদ্যুতিক মিটার ব্যবহার করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি- (গ) ঃ আলোচনায় প্রকাশ পায় যে, জন্ম ও মৃত্যু নিবন্ধনে রাজশাহী সিটি কর্পোরেশন পর পর ০৪ বার জাতীয় পর্যায়ে **১**ম স্থান অধিকার করেন। কিন্তু বর্তমানে রাজশাহী সিটি কর্পোরেশনে জন্ম ও মৃত্যু নিবন্ধনের সংখ্যা নির্ধারিত সংখ্যার অর্ধেকের কম। গর্ভধারিনী মা এর তার গর্ভকালিন টিকার জন্য নিবন্ধন করেন। জন্ম নিবন্ধনের ক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক গর্ভবতী মায়ের ০৩ (তিন) মাসের তালিকার সাথে জন্ম নিবন্ধনের মিল পাওয়া না গেলে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বিরুদ্ধে চাকরি বিধিমতে ব্যবস্থা গ্রহণের পক্ষে সহমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ নিবন্ধিত গর্ভবতী মায়েদের সংখ্যার সঙ্গে ওয়ার্ড ভিত্তিক জন্ম নিবন্ধনের মিল পাওয়া না গেলে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বিরুদ্ধে চাকরি বিধিমতে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি- (ঘ) ঃ আলোচনায় প্রকাশ পায় যে, গত ২৮-১০-২০২৪ তারিখের দোকান বরাদ্দ কমিটির সভার ৩ 'খ' এর সুপারিশ গ্রহণ এবং বাস্তবায়নের জন্য আবেদনকারীর সহিত রাজশাহী সিটি কর্পোরেশনের সমঝোতাপূর্বক চুক্তি সম্পাদনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত) কে ক্ষমতা অর্পনের বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ গত ২৮-১০-২০২৪ তারিখের দোকান বরাদ্দ কমিটির সভার ৩ ‘খ’ এর সুপারিশ গ্রহণ এবং বাস্তবায়নের জন্য আবেদনকারীর সহিত রাজশাহী সিটি কর্পোরেশনের সমঝোতাপূর্বক চুক্তি সম্পাদনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত) কে ক্ষমতা অর্পনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন।

বিবিধ আলোচ্যসূচি- (ঙ) ঃ আলোচনায় প্রকাশ পায় যে, ডিজিটাল প্লাটফর্ম “myrajshahi” (পূর্বে smartrajshahiনামে পরিচিত)কার্যকর করতে হস্তান্তর গ্রহণ ও “Digitalization of e-services at Rajshahi City Corporation” সফ্টওয়ারের সাথে মোবাইল ব্যাংকিং এর পেমেন্ট ইন্টিগ্রেশনের জন্য API সংগ্রহ সংগ্রহের প্রয়োজনীয়তার প্রেক্ষিতে সফ্টওয়ারটিতে বিদ্যমান সেবাসমূহের অনলাইন ফি সংগ্রহের জন্য অগ্রণী ও সোনালী ব্যাংক এবং নগদ, বিকাশ, রকেট এর মাধ্যমে পেমেন্ট গ্রহনের জন্য উক্ত প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে API সংগ্রহের জন্য পত্র প্রেরণ প্রস্তাব করা হয়। প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে আলোচনা হয়। আলোচনার প্রেক্ষিতে API সংগ্রহের জন্য পত্র প্রেরনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ “Digitalization of e-services at Rajshahi City Corporation” সফ্টওয়ারের সাথে মোবাইল ব্যাংকিং এর পেমেন্ট ইন্টিগ্রেশনের জন্য API সংগ্রহের বিদ্যমান সেবাসমূহের অনলাইন ফি সংগ্রহের জন্য অগ্রণী ও সোনালী ব্যাংক এবং নগদ, বিকাশ, রকেট এর মাধ্যমে পেমেন্ট গ্রহনের নিমিত্ত API সংগ্রহের জন্য পত্র প্রেরনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে ঃ সহকারি প্রোগ্রামার, রাজশাহী সিটি কর্পোরেশন।

(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন
কবীর)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নম্বর- ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪.

তারিখঃ অগ্রহায়ণ ১৪৩১
ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী।
৪। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৩। উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল), রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা), রাজশাহী।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/ প্রাথমিক শিক্ষা, রাজশাহী।
৯। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী।

১০। বিভাগীয় প্রধান ........................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।

১১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন।
১২। বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশনের একান্ত সচিব, (প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন।
১৪। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপারেশন), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ রাজশাহী।
১৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী।
১৬। সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
১৭। নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী।

১৮। ...................................................................... রাজশাহী সিটি কর্পোরেশন।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০। সচিবের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন। (সচিবের অবগতির জন্য) ।
২১। অফিস নথি।

(ড. এ.বি.এম শরীফ উদ্দিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন